

## ঢাকা-তাসখন্দ সরাসরি উড়োজাহাজ চালুর অনুরোধ

- A Monitor Desk Report

Date: 08 March, 2025



ঢাকা: উজবেকিস্তানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত ড. মোহাম্মদ মনিরুল ইসলাম বাংলাদেশ-উজবেকিস্তান সম্পর্কের বর্তমান অবস্থা ও অগ্রগতির বর্ণনা করে রাষ্ট্রদূত এ সম্পর্কে আরও ত্বরান্বিত ও ফলপ্রসূ করতে দুদেশের মধ্যে সরাসরি উড়োজাহাজ যোগাযোগ চালুর ওপর জোর গুরুত্ব আরোপ করেন।

শুক্রবার (৭ মার্চ) উজবেকিস্তানের উপ-যোগাযোগমন্ত্রী চোরিয়েভ জাসুরবেক এরগাশেভিচের সঙ্গে তার কার্যালয়ে সাক্ষাৎকালে ঢাকা-তাসখন্দ রুটে উজবেকিস্তান এয়ারলাইন্স চালুর বিষয়ে তিনি উপমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলেন, এর ফলে দুদেশের মধ্যে বাণিজ্য, বিনিয়োগ, শিক্ষা, সংস্কৃতি ও পর্যটন বিকশিত হওয়ার পাশাপাশি তা দুদেশের সম্পর্কে গেম চেঞ্জার হিসেবে ভূমিকা রাখবে। এ লক্ষ্যে তিনি প্রস্তাবিত এয়ার সার্ভিস চুক্তিটি দ্রুততার সঙ্গে সম্পন্ন করার বিষয়ে উপমন্ত্রীর সহযোগিতা কামনা করেন।

এ সময় দূতাবাসের মিনিস্টার মো. নাজমুল আলমসহ মন্ত্রণালয়ের উচ্চপদস্থ কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

উপ-যোগাযোগ মন্ত্রী এরগাশেভিচ বাংলাদেশ ও উজবেকিস্তানের মধ্যকার ঐতিহাসিক, সাংস্কৃতিক, ধর্মীয় মেলবন্ধনের উল্লেখ করে বাংলাদেশের সঙ্গে সম্পর্কে আরও ঘনিষ্ঠ করতে উজবেকিস্তান সরকারের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন। ঢাকা-তাসখন্দ রুটে উজবেকিস্তান এয়ারলাইন্স চালুর ক্ষেত্রে বিদ্যমান চ্যালেঞ্জসমূহের ওপর আলোকপাত করে তা সমাধানের প্রক্রিয়া ও উপায়সমূহ সম্পর্কে তার মতামত তুলে ধরেন।

এ বিষয়ে উজবেক কর্তৃপক্ষের আন্তরিকতা ও ইতিবাচক দৃষ্টিভঙ্গি রয়েছে বলে তিনি রাষ্ট্রদূতকে অবহিত করেন। এয়ার সার্ভিস চুক্তিটি সম্পন্ন করার বিষয়টি উজবেকিস্তান সরকারের সক্রিয় বিবেচনায় রয়েছে বলে তিনি যোগ করেন।

